**AKASHVANI (AIR)**
**RNU : KOLKATA**
**Bengali Text Bulletin**

**Date: 14.09.2024 Time: 7.50 P.M**

বিশেষ বিশেষ খবর –

১/ জুনিয়ার চিকিৎসকদের ধর্না মঞ্চে গিয়ে মুখ্যমন্ত্রীর আমন্ত্রণের প্রেক্ষিতে, কালীঘাটে তাঁর বাসভবনে গেছেন জুনিয়ার চিকিৎসকরা।

২/ জুনিয়ার ডাক্তারদের ওপর হামলার ষড়যন্ত্রের অভিযোগে ধৃত বাম যুবনেতা কলতান দাশগুপ্ত ও সঞ্জীব দাসের, সাত দিনের পুলিশ হেফাজত।

# প্রতিহিংসা চরিতার্থ করার অভিযোগ বামেদের।

৩/ রাজ্য, আরো তিনটি নতুন 'বন্দে ভারত' এক্সপ্রেস পেতে চলেছে। আগামীকাল সারা দেশে মোট ৬'টি ট্রেনের সূচনা করবেন প্রধানমন্ত্রী।

৪/ গভীর নিম্নচাপের প্রভাবে দক্ষিণবঙ্গের সবকটি জেলায় আজ ও আগামীকাল ভারী বর্ষণের পূর্বাভাস, আবহাওয়া দপ্তরের।

৫/ ISL ফুটবলে ইস্টবেঙ্গল আজ বেঙ্গালুরু এফ সি-র মুখোমুখি হয়েছে।

**************************************************************

আরজি কর কাণ্ডের ন্যায় বিচারের দাবিতে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের কর্মবিরতির জেরে চলতি অচলাবস্থা কাটাতে রাজ্য সরকার আজ বৈঠকে বসছে। এর আগে লাগাতার তিন বার বৈঠকের পরিকল্পনা ভেস্তে যাওয়ার পর আজ অবশেষে মুখ্যমন্ত্রীর ডাকে সাড়া দিয়ে আন্দোলনকারী জুনিয়র ডাক্তারদের ৩২ সদস্যের একটি প্রতিনিধি দল সন্ধ্যায় মুখ্যমন্ত্রীর কালীঘাটের বাড়িতে যান। সেখানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি ছাড়াও স্বাস্থ্য প্রতিমন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য, মুখ্য সচিব মনোজ পন্থ, স্বরাষ্ট্র সচিব নন্দিনী চক্রবর্তী তাঁদের সঙ্গে বৈঠক করবেন। প্রবল বৃষ্টির

মধ্যেই বাসে করে স্বাস্থ্য ভবনের সামনের ধর্না মঞ্চ থেকে আন্দোলনকারী ডাক্তারদের প্রতিনিধি দল কালীঘাটে পৌঁছায়। সেখানেও তারা ন্যায় বিচারের দাবিতে স্লোগান দেন।

আমাদের প্রতিনিধি জানাচ্ছেন- ( ভিসি- অভিরূপ )

রাজ্য সরকারের সঙ্গে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকদের প্রস্তাবিত বৈঠক ভেস্তে যাওয়া নিয়ে টানাপোড়েনের মধ্যেই মুখ্যমন্ত্রী আজ হঠাত করে ধর্নাস্থলে উপস্থিত হয়ে অচলাবস্থা কাটাতে ফের ডাক্তারদের খোলামনে আলোচনায় বসার প্রস্তাব দেন। তিনি বলেন, নিহত চিকিৎসক ন্যায় বিচার পাক, তা' তিনিও চান। ডাক্তারদের আন্দোলনের প্রতি কুর্নিস তিনি বলেন, সমস্ত হাসপাতালে 'রোগী কল্যাণ সমিতি' ভেঙে দেওয়া হচ্ছে।

(বাইট- মমতা ৫.১০)

বিজেপি, জুনিয়ার ডাক্তারদের অবস্থান মঞ্চে মুখ্যমন্ত্রীর যাওয়াকে 'নাটক' বলে কটাক্ষ করেছে।

কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার জানিয়েছেন, সহানুভূতি আদায়ের জন্যই মুখ্যমন্ত্রী জুনিয়ার ডাক্তারদের কাছে গিয়েছিলেন। পাশপাশি তিনি বলেন, বামপন্থীরা জুনিয়ার ডাক্তারদের আন্দোলনে প্রবেশ করে, রাজনীতি করার চেষ্টা করছে। প্রয়োজনে বিজেপি আগামী দিনে প্রতিটি জেলায় ব্যাপক আন্দোলন গড়ে তুলবে বলে সুকান্তবাবু জানান।

( বাইট- সুকান্ত )

আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়র ডাক্তারদের সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির গত বৃহস্পতিবার বৈঠক ভেস্তে যাওয়ায় তাঁরা হতাশ হয়ে দিশা পাওয়ার লক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুকে চিঠি পাঠিয়েছেন বলে, বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারিত খবর, সর্বতোভাবে ভুল বলে West Bengal Junior Doctors' Front জানিয়েছে।

******************

স্বাস্থ্যভবনের সামনে জুনিয়ার চিকিৎসকদের অবস্থান স্থলে হামলার ছক কষার অভিযোগে ধৃত DYFI নেতা কলতান দাশগুপ্ত এবং যুবকর্মী সঞ্জীব দাসকে সাত দিনের পুলিশ হেফাজত দিয়েছে আদালত। আজ দুজনকেই পুলিশ বিধানগর আদালতে তোলে।

হামলার ছকের অডিও ক্লিপ ভাইরাল হওয়ার পরই এই নিয়ে তোলপাড় শুরু হয়। তদন্তে নেমে গতকাল হালতু থেকে সঞ্জীব দাস ওরফে বুবলাইকে পুলিশ গ্রেপ্তার করে। তাকে জিজ্ঞাসাবাদ করেই বাম যুবনেতা কলতানের নাম উঠে এসেছে বলে পুলিশের দাবী। এরপর আজ ভোরে লালবাজারের অদূরে ফিয়ার্স লেনে বাম কর্মী সমর্থকদের অবস্থান স্থল থেকে বাড়ি যাওয়ার পথে টালিগঞ্জ ফাঁড়ির কাছে কলতান এবং আরো এক CPIM নেতা সংগ্রাম চট্টোপাধ্যায়কে আটক করা হয়। জিজ্ঞাসাবাদের পর সংগ্রামকে ছেড়ে দেওয়া হলেও, কলতানকে পুলিশ গ্রেপ্তার করে।

উল্লেখ্য, তৃণমূল কংগ্রেস নেতা কুণাল ঘোষ এই অডিও ক্লিপটি প্রকাশ্যে আনেন।

কলতানের গ্রেপ্তারের পরই বিধাননগর পুলিশ কমিশনারেটের ডিসি অনীশ সরকার সাংবাদিক বৈঠক করে জানান, ভাইরাল ওই অডিও-র টেকনিক্যাল পরীক্ষা করা হয়েছে। এর সত্যতা নিয়ে কোনো সংশয় নেই।

এদিকে, কলতানের দাবী, তাঁর বিরুদ্ধে ষড়যন্ত্র হয়েছে। আসল আন্দোলন থেকে নজর ঘোরাতেই এই পদক্ষেপ বলে তাঁর দাবী।

বাম যুবনেতা কলতান দাশগুপ্তের গ্রেপ্তারি বেআইনী এবং প্রতিহিংসামূলক বলে, CPIM রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম মন্তব্য করেছেন।

এই গ্রেপ্তারির নিন্দা করে তিনি বলেন, গণ আন্দোলনকে বদনাম করার জন্যই এই ষড়যন্ত্র করা হয়েছে।

(বাইট- সেলিম )

ইন্ডিয়ান সেকুলার ফ্রন্ট- ISF বিধায়ক **নৌশাদ** সিদ্দিকি, কলতান দাশগুপ্তের গ্রেপ্তারিকে ষড়যন্ত্র বলে উল্লেখ করেছেন।

**********************

সরকারি হাসপাতালে মেডিক্যাল বর্জ্য পাচার নিয়ে দুর্নীতির অভিযোগ ওঠার প্রেক্ষিতে রাজ্য সরকার এব্যপারে স্বচ্ছতা আনতে উদ্যোগী হয়েছে। রাজ্যের সব সরকারি হাসপাতালে মেডিক্যাল বর্জ্য উৎপাদনের দৈনিক পরিমাণ ও তার ব্যবস্থাপনার উপর নজরদারি চালাতে বারকোড নির্ভর ট্র্যাকিং সিস্টেম চালু করা হচ্ছে। এজন্য বর্জ্য বহনে ব্যবহৃত ক্যারি ব্যাগে এবার থেকে বারকোড বসানো থাকবে। সেই কোড স্ক্যান করলেই ক্যারিব্যাগের ভিতরে কোন ধরনের বর্জ্য কতটা পরিমাণে রয়েছে তা জানা যাবে।

**********************

শহরে নাগরিক নিরাপত্তা ও সুরক্ষা সুনিশ্চিত করতে কলকাতা পুলিশ একটি মোবাইল অ্যাপ আনতে চলেছে। নারী শক্তি নামের এই অ্যাপের মাধ্যমে বিপদে পড়া নাগরিকরা প্যানিক বাটন টিপে সাহায্য চাইলে তা ভবানী ভবনের ইমার্জেন্সি রেসপন্স সার্ভিস সিস্টেম ও একশো ডায়ালের কন্ট্রোল রুমের মাধ্যমে পুলিশের কাছে পৌঁছবে। এরপরে বিপদে পড়া ব্যাক্তির নাম, পরিচয় ও তার ভৌগলিক অবস্থান দেখে পুলিশ দ্রুত সেখানে পৌঁছবে বলে লালবাজার সূত্রে জানা গিয়েছে।

**********************

পশ্চিমবঙ্গ, আরো তিনটি নতুন বন্দে ভারত এক্সপ্রেস পেতে চলেছে।

এগুলি হল ভাগলপুর-হাওড়া, গয়া-হাওড়া, রৌরকেল্লা-হাওড়া।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল ঝাড়খণ্ডের টাটানগরে মোট ৬ টি বন্দে ভারত এক্সপ্রেসের যাত্রার সূচনা করবেন। এর মধ্যে এরাজ্যের জন্য রয়েছে এই তিনটি ট্রেন।

**********************

কলকাতার তালতলা থানার ব্লখম্যান স্ট্রীট ও এসএন ব্যানার্জী স্ট্রীটের সংযোগস্থলে আজ দুপুরে বিস্ফোরণে এক ভবঘুরে আহত হয়েছেন। বাপি দাস নামে ঐ ব্যক্তি এসএন ব্যানার্জী রোডের ফুটপাথে থাকত বলে জানা গেছে। একটি প্লাস্টিকের বস্তায় বিস্ফোরক ছিল বলে মনে করা হচ্ছে। আহত অবস্থায় বাপি দাসকে NRS হাসপাতালে ভর্তি করা হয়েছে। ঘটনার পরপরই সংলগ্ন রাস্তা বন্ধ করে দেওয়া হয়। বম্ব ডিসপোসাল স্কোয়াড বস্তাটি পরীক্ষার পর রাস্তা খুলে দেয়। ফরেনসিক দল ঘটনাস্থল যাচ্ছে।

************************

বিজেপি, কলকাতা শহরে বোমা বিষ্ফোরণের ঘটনায় NIA তদন্তের দাবী জানিয়েছে। দলের রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রীকে চিঠি লিখে অভিযোগ করেন যে, রাজ্যের নাগরিকদের নিরাপত্তা অত্যন্ত সঙ্কটে। অবিলম্বে NIA বা অন্য কোনো কেন্দ্রীয় তদন্ত সংস্থাকে দিয়ে তদন্ত করানোর জন্য শ্রী মজুমদার আবেদন জানিয়েছেন।

************************

নাবালিকার ওপর অ্যাসিড হামলার প্রতিবাদে আজ বিজেপির তরফে, পুরুলিয়া শহরে ধিক্কার মিছিল করা হয়েছে। দলের রাজ্য সাধারণ সম্পাদক তথা পুরুলিয়ার সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো মিছিলে নেতৃত্ব দেন। দুলমি-নডিহা এলাকা থেকে শুরু হয়ে, মিছিলটি শহর পরিক্রমা করে। রাজ্যে নারীদের নিরাপত্তা নেই বলে অভিযোগ করেছেন তিনি। ওঠে পুলিশ সুপারের পদত্যাগের দাবীও।

************************

গাঙ্গেয় পশ্চিমবঙ্গ এবং সংলগ্ন বাংলাদেশের ওপর অবস্থিত গভীর নিম্নচাপটি ধীরে ধীরে পশ্চিমমুখী হতে পারে। আগামী ৪৮ ঘন্টায় সেটি ঝাড়খন্ড এবং উত্তর ছত্তিশগড়ের ওপর অবস্থান করবে। এর প্রভাবে দক্ষিণবঙ্গের সবক'টি জেলায় আজ ভারী বৃষ্টির সতর্কতা থাকছে।

আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান, সোমনাথ দত্ত জানিয়েছেন-

(বাইট- সোমনাথ )

***********************

পশ্চিম বর্ধমানের রানীগঞ্জ থানার সাহেবগঞ্জ মোড় এলাকায় আজ একটি বাড়ির একাংশ ভেঙ্গে পড়ে দু জন প্রাণ হারিয়েছেন। আরও কয়েকজনের চাপা পড়ার আশঙ্কা করা হচ্ছে। জানা গেছে ৬০ নম্বর জাতীয় সড়ক সম্প্রসারনের জন্য রাস্তার ধারে বেশ কয়েকটি বাড়ি ভাঙ্গা হয়েছে। এদিন বেশ কয়েকজন ভাঙ্গা বাড়ি থেকে লোহার টুকরো ও ইট কুড়োনোর সময় বাড়ির একাংশ ভেঙে পড়ে। রানীগঞ্জ থানার পুলিশ ঘটনাস্থলে গেছে।

***********************

পূর্ব রেলের শিয়ালদা ডিভিশনের দমদম-বারাসাত সেকশনে মধ্যমগ্রাম ও বিরাটির মাঝে রি-গার্ডারিং কাজের জন্য আজ রাত সাড়ে দশটা থেকে আগামীকাল সকাল সাড়ে দশটা পর্যন্ত ডাউন লাইনে এবং রাত সাড়ে দশটা থেকে সকাল সাড়ে আটটা পর্যন্ত আপ লাইনে ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে। এর জেরে ওই সেকশনে আজ ৬ টি এবং আগামীকাল ৩৪ টি EMU লোকাল বাতিল থাকছে। এছাড়াও, আজ দুটি এবং আগামীকাল ২২টি ট্রেনের যাত্রা সংক্ষিপ্ত করা হয়েছে।

***********************

আইএসএল ফুটবলে আজ ইস্টবেঙ্গল, বেঙ্গালুরু এফসি-র মুখোমুখি হয়েছে। বেঙ্গালুরুর কন্তিরাভা ষ্টেডিয়ামে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাত টায়।

***********************

নৈহাটি ষ্টেডিয়ামে আজ কলকাতা প্রিমিয়ার লিগ ফুটবলের সুপার সিক্স এর ম্যাচে ডায়মন্ড হারবার ফুটবল ক্লাব ২-০ গোলে সুরুচি সংঘকে হারিয়ে দিয়েছে। গোল করেছেন উইলিয়াম লালগৌলিয়েন ও রাহুল পাসওয়ান।

*****************************************************